# মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **সেপ্টেম্বর ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৩ অক্টোবর ২০১৬**

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ২৪৫ | ২০৮ | ৩৭ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ১,২৬৪ | ৯১৩ | ৩৫১ |
| **মোট** | **১,৫০৯** | **১,১২১** | **৩৮৮** |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | ০৪ | ১৪ | ১০ | ০৯ | ৩৭ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ৪৬ | ৩৩ | ১৩৭ | ০৩ | ২১৯* |

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

| ক্রমিক | মন্ত্রণালয়/বিভাগ | গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম | গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা | মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - |
| ২। | **দুর্নীতি দমন কমিশন** | - | - | - |

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | ০৫ | ০৫ | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন (দিন) | - | - | - | - | ২৩-২৪ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে সরকারি সফরে টাঙ্গাইল জেলা সফর করেন। | | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন) | - | - | - | - | - | - | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন) | - | - | - | - | - | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২)** আইনশৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

**(৩)** অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

**(৪)** উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

**ক.** উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

| **প্রকল্পের নাম** | **বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)** | **প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার** | **প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা** | **প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ** | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প | ৫.৮৬ | ০.৩৭২২ (৬.৩৫%) | - | - | - |
| Building Capacity for the Use of Research Evidence (BCURE) | সর্বমোট ৮.১৩<br>ডিপিএ: ৮.০৯<br>জিওবি: ০.০৪ | ০.৬৭৩৫ (৮.৩৩%) | - | - | - |
| Social Security Policy Support (SSPS) Programme | ডিপিএ: ১৯.৭২<br>জিওবি: ০.৩৩ | ৩.৮৭ (১৯.৬২%) | - | - | - |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

**(৫)** **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

**(৬)** **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭)** **অডিট আপত্তি**

**ক.** অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| **মন্ত্রণালয়/সংস্থার নাম** | **অডিট আপত্তির সংখ্যা** | **টাকার পরিমাণ (লক্ষ টাকায়)** | **ব্রডশিটে জবাবের সংখ্যা** | **নিষ্পত্তির সংখ্যা** | **জের** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১১টি | ০.৩৬৪ | - | - | ১১টি | ২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে। |
| **বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড** | ১৭টি | ২৮৩.১৫ | - | - | ১৭টি | ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। |
| **দুর্নীতি দমন কমিশন** | ০৪টি | ৭০০.০০ | ০৪ | - | ০৪টি | - |
| **মোট** | **৩২টি** | **৯৮৩.৫১৪** | **০৪** | - | **৩২টি** | - |

**খ.** অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে) | প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকরিচ্যুতি/বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| *মন্ত্রিপরিষদ বিভাগ-০১ | - | - | - | - | ০১ | - |
| দুর্নীতি দমন কমিশন-১৫ | - | - | - | ০২ | ১৩ | ০৭ |

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন শাখায় স্থানান্তর করা হয়েছে।**

**(৯) মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রমিক | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১। | Training and Exchange Programme<br>স্থান: চীন | ১৬-২০ আগস্ট ২০১৬ | জনপ্রশাসন মন্ত্রণালয় | **দুইজন**<br>অতিরিক্ত সচিব |
| | ২। | ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিষয়ক শিক্ষা সফরে অংশগ্রহণ<br>স্থান: ভারত | ২৭-২৯ সেপ্টেম্বর ২০১৬ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | **একজন**<br>যুগ্মসচিব |
| | ৩। | Government Performance Management (GPM) in Malaysia<br>স্থান: মালয়েশিয়া | ১৮-২৩ আগস্ট ২০১৬ | মন্ত্রিপরিষদ বিভাগ | **সাতজন**<br>১। উপসচিব (তিন জন)<br>২। সিনিয়র সহকারী সচিব (চার জন) |
| | ৪। | পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট<br>স্থান: ঢাকা | ২৫-২৯ সেপ্টেম্বর ২০১৬ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) | **তিনজন**<br>১। উপসচিব (এক জন)<br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা (এক জন) |
| দুর্নীতি দমন কমিশন | ১। | রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স,২০১৬ | ১৮-২২ সেপ্টেম্বর ২০১৬ | দুর্নীতি দমন কমিশন | ২০ জন |

**খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:** নেই।

**গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:** নেই।

**ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না:** হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

**ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:** দশ জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই।

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ লন্ডন, যুক্তরাজ্যে সরকারি সফর শেষে ০৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ রবিবার ১১.২৫ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০১৮ ভিভিআইপি ফ্লাইটযোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৩) বর্ষীয়ান রাজনীতিবিদ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর, স্বাধীন বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ও মুক্তিযুদ্ধকালীন সরকারের পশ্চিমাঞ্চলীয় জোন ১-এর চেয়ারম্যান এবং সাবেক সংসদ-সদস্য অ্যাডভোকেট এম আব্দুর রহিম ০৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। অ্যাডভোকেট এম আব্দুর রহিমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কানাডার মন্ট্রিলে অনুষ্ঠিত 'Global Fund Replenishment Conference' এবং যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে অংশগ্রহণের লক্ষ্যে ১৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ বুধবার ০৯.৫০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০১৫ ভিভিআইপি ফ্লাইটযোগে লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত আটটি পত্র জারি করা হয়।

(৬) ২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৭টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং ২২ সেপ্টেম্বর ২০১৬ তারিখে জেলা ও মাঠপ্রশাসন অনুবিভাগের কর্মমূল্যায়ন ও অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

(৭) পরীক্ষার-ফি কম দেওয়ায় শিক্ষকের শাস্তির অপমান সহ্য করতে না পেরে চাঁদপুর সদর উপজেলার বাগাদী গনি উচ্চ বিদ্যালয়ের স্কুল ছাত্রী আত্মহত্যা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনী ও তাদের সহযোগী শান্তি কমিটি, রাজাকার, আল-বদর ও আল-শামস বাহিনী কর্তৃক হত্যা, গণহত্যা, ধর্ষণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ এবং মানবতাবিরোধী অপরাধসহ অন্যান্য অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নড়াইল বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলার বাচামারা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষে ঢুকে শিক্ষক ও ছাত্রীকে মারধর করা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০) জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ কর্তৃক থানা পরিদর্শন প্রতিবেদনের মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১১) চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলাস্থ সিইউএফএলের ড্যাপ-১ প্লান্টের অ্যামোনিয়া গ্যাস দুর্ঘটনা সংক্রান্ত জেলা প্রশাসক, চট্টগ্রাম কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনের সুপারিশসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, শিল্পাঞ্চলে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে করণীয় ও কাঁচা চামড়া পাচাররোধসহ প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) ২০০৯-১৬ সালে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান ও সংশ্লিষ্ট রেকর্ড হালনাগাদকরণ সংক্রান্ত তথ্য প্রেরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) আগস্ট ২০১৬ মাসের পরিসংখ্যান অনুযায়ী কারাগারের আটক শিশু-কিশোরদের মুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর, পঞ্চগড় ও চাঁপাইনবাবগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) বরিশাল জেলার বানারীপাড়া উপজেলার সন্ধ্যা নদীতে ট্রলারডুবি ঘটনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) জেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত আগস্ট ২০১৬ মাসের তথ্য অনুযায়ী সর্বোচ্চ মামলা পরিচালনাকারী হিসাবে কুমিল্লা এবং সর্বোচ্চ মামলা নিষ্পত্তি ও জরিমানা আদায়কারী জেলা হিসাবে ঢাকাকে অভিনন্দন জানিয়ে যথাক্রমে জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা এবং জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর থানা পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী থানার অস্ত্র সংখ্যার পরিসংখ্যানের সঙ্গে তাঁর কার্যালয়ের তথ্যের তুলনামূলক বিবরণী প্রেরণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ করা হয়।

(১৮) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১৩৪ জন, নথিভুক্তির জন্য ৫১ জন এফআরটি ৪০ জন সরকারি কর্মকর্তার/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৯) বিভিন্ন আইনে ১৬১ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২০) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ আগস্ট ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখা জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২১) ২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় বাংলাদেশ সচিবালয়স্থ মন্ত্রিপরিষদ কক্ষে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় উপস্থিত হয়ে ‘সবুজ তারাগঞ্জ গড়ি’ কর্মসূচি সম্পর্কে অভিজ্ঞতা বিনিময় করার জন্য বেগম জিলুফা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুরকে অনুরোধ করা হয়।

(২২) জনাব মোঃ মঈন উদ্দিন, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২১ জুলাই ২০১৬ তারিখে সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিদর্শন এবং জনাব মঈনউল ইসলাম, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৫ জুন ২০১৬ তারিখে নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা পরিদর্শন করে একটি করে প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(২৩) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১০ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং ০৩ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২৪) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত আগস্টের দ্বিতীয় ও সেপ্টেম্বরের প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু’টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) ‘প্রতিটি জেলা ও উপজেলায় একটি মডেল মসজিদ কমপ্লেক্স নির্মাণ’ শীর্ষক প্রকল্পের জন্য জমি দান/সংগ্রহ/অধিগ্রহণের বিষয় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(২৬) মাননীয় প্রধানমন্ত্রীর কুড়িগ্রাম সফর উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) মহামান্য রাষ্ট্রপতির কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা সফর উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা এবং জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) চিনিকল এলাকায় অননুমোদিত আখ মাড়াইকলে গুড় উৎপাদন বন্ধ এবং ইক্ষু এলাকায় ইক্ষু ও গুড়ের অবাধ চলাচল নিয়ন্ত্রণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) প্রত্নতাত্ত্বিক নির্দশনসমূহ সংরক্ষন ও পর্যটন এলাকায় রূপান্তরের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) বন্যা দুর্গত জেলাসমূহের পুনর্বাসনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) কক্সবাজার জেলায় চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন এবং অফিসার্স ক্লাবের জন্য স্থান নির্বাচনের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) মোটরযানে নির্ধারিত এক্সেল লোডের অতিরিক্ত ওজন পরিবহনের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদ্‌যাপন ও 'তথ্য মেলা' আয়োজনে সহযোগিতা প্রদানের বিষয়ে সকল জেলা প্রশাসক এবং জেলা ও উপজেলা পর্যায়ে শিশু অধিকার সপ্তাহ ও বিশ্ব শিশু দিবস-২০১৬ উদ্‌যাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ প্রদানের নিমিত্ত আপৎকালীন তহবিল সংরক্ষণের বিষয়ে অর্থ বিভাগ ও অর্থ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) ২০ সেপ্টেম্বর জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত National Institute of Local Government (NILG)-এর অংশীদারিত্ব করা সংক্রান্ত সমঝোতা স্মারক ও আর্থিক চুক্তি অনুমোদিত হয়।

(৩৬) ২৯ সেপ্টেম্বর তারিখে মন্ত্রিসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ হিসাবে সরকারের বিভিন্ন মেয়াদে (২০০৮-০৯ হতে ২০১৪-১৫) গৃহীত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহ এবং উহাদের ফলাফলের সময়ভিত্তিক তুলনামূলক পরিসংখ্যান প্রতিবেদন প্রস্তুত করে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

(৩৭) ০৭ সেপ্টেম্বর তারিখে বাংলাদেশে সিআরভিএস বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য Bloomberg Philanthropies-এর Data for Health (D4H) Initiative-শীর্ষক কারিগরি সহায়তা প্রাপ্তি বিষয়ক একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

(৩৮) ০১ এবং ০৮ সেপ্টেম্বর তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩৯) ০৩-০৪ সেপ্টেম্বর মেয়াদে রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়ে এবং ০৪-০৫ সেপ্টেম্বর মেয়াদে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে বিভাগ/আঞ্চলিক পর্যায়ে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৪০) ১৫ সেপ্টেম্বর তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির দশম সভা অনুষ্ঠিত হয়।

(৪১) ০১ এবং ২৫ সেপ্টেম্বর তারিখে বাংলা ইউনিকোড ফন্টের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিদের নিয়ে দুইটি সভা অনুষ্ঠিত হয়।

(৪২) ১৯-২২ সেপ্টেম্বর তারিখে 'Building Capacity for the Use of Research Evidence (BCURE)' প্রকল্পের ৭ম ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৪৩) ২১ সেপ্টেম্বর তারিখে আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৪৪) ই-জিপি পদ্ধতিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়।

**গ. আগামী  দুই (অক্টোবর-নভেম্বর) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৫-১৬ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৮) দশম জাতীয় সংসদের ২০১৭ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।

(৯) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(১০) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভসে হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(১১) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh’ শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১২) জেলা-সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(১৩) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠান।

(১৪) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।

(১৫) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১৬) Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১৭) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।

(১৮) স্বাধীনতা পুরস্কার ২০১৭-এর জন্য প্রস্তাব আহ্বান।


**(মুহাম্মাদ আসাদুল হক)**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd